

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২১(আগরতলা-১১।০১)
উদয়পুর, ১১ জানুয়ারী, ২০১৮

অমরপুরে ভোটদান
সম্পর্কে সচেতনতামূলক কর্মসূচি

নতুন ভোটারদের ভোটদান সম্পর্কে সচেতন করার লক্ষ্যে গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে অমরপুর আনন্দধারা টাউন হলে আজ ভোটদান সম্পর্কে সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্যে অমরপুর ইংলিশ মিডিয়াম স্কুল, অমরপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, দক্ষিণ অমরপুর টাউন এইচ এস স্কুল এবং অমরপুর গার্লস এইচ এস স্কুলে ভোটদান সম্পর্কে আলোচনায় অংশ নেন অমরপুর গার্লস এইচ এস স্কুলের প্রধান শিক্ষিকা সুচিত্রা দাস, অমরপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক সুকেশ কলই, গোমতী জেলা প্রশাসনের পক্ষে শিক্ষক গোবিন্দ দেবনাথ প্রমুখ। এছাড়া ভি ডি ও প্রদর্শন ও নাটক মঞ্চস্থ করা হয়।
